

০৪। কন্টেন্ট ব্যবস্থাপনা :

সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রদেয়/প্রদত্ত কন্টেন্ট অবশ্যই সমবায় অধিদপ্তরের উদ্দেশ্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। এরূপ ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করা হবে :

- ক) সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিতব্য টেক্সট, ছবি, অডিও, ভিডিও ইত্যাদি গুরুত্বের সঙ্গে নির্বাচন ও বাছাই করতে হবে। এডমিন/মডারেটর/কর্তৃপক্ষ কন্টেন্টে উপযুক্ততা সম্পর্কে নিশ্চিত হয়ে প্রাটফরমে তা প্রকাশের অনুমতি প্রদান করবেন;
- খ) নিজস্ব পোস্টে প্রদত্ত তথ্য ও উপাত্তের যথার্থতা ও নির্ভরযোগ্যতা সম্পর্কে নিশ্চিত হতে হবে;
- গ) ব্যক্তিগত বা পারিবারিক বিষয়াদি সংশ্লিষ্ট কোন কন্টেন্ট প্রাতিষ্ঠানিক যোগাযোগ মাধ্যমে পোস্ট দেয়া থেকে বিরত থাকতে হবে;
- ঘ) অপ্রয়োজনীয় বা গুরুত্বহীন বিষয়ে পোস্ট দেয়া নিরুৎসাহিত করতে হবে;
- ঙ) গুরুত্বপূর্ণ কন্টেন্টসমূহের আর্কাইভিং, পুনঃপ্রদর্শন ও শেয়ারিং উৎসাহিত করতে হবে।

চ) সমবায়ের উন্নয়নমূলক কর্মকান্ড, সফলতার চিত্র, উৎপাদনমুখী কার্যক্রম, ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়ায় সমবায় সম্পর্কিত প্রচারিত/প্রকাশিত ইতিবাচক খবর ড্রামামান প্রশিক্ষণ, বিভিন্ন আয়বর্ধনকারী প্রশিক্ষণ কার্যক্রম, সমবায় ডকুমেন্টারী, সমবায় সম্পর্কে জাতির পিতার বাণী/বক্তব্য, মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য এর অডিও ভিডিও এবং ছবি নিয়মিত প্রকাশ ও শেয়ার করতে হবে;

চ) সমবায় অধিদপ্তরের বিভিন্ন ইউনিটের দপ্তর প্রধানদের সংশ্লিষ্ট মাসের প্রস্তাবিত ভ্রমণসূচি মাসের এক তারিখের মধ্যে ইমেজ আকারে আপলোড করতে হবে এবং সমবায় অধিদপ্তরের প্রধান কার্যালয়, যুগ্ম-নিবন্ধক প্রশাসন এবং নিবন্ধক ও মহাপরিচালকের আইডিতে/গুপে শেয়ার করতে হবে।

ছ) অধিদপ্তরের প্রতিটি শাখার জন্য আলাদা আলাদা পেজ খুলতে হবে এবং কার্যক্রমের অগ্রগতি নিয়মিত আপলোড করতে হবে।

০৫। পরিহারযোগ্য বিষয়াদি : সামাজিক যোগাযোগ মাধ্যমের প্রাতিষ্ঠানিক পেইজ বা আইডিতে নিম্নোক্ত বিষয়সমূহ কোনভাবেই প্রকাশ বা শেয়ার করা যাবে না :

- ক) জাতীয় ঐক্য ও চেতনার পরিপন্থী কোন রকম কন্টেন্ট;
- খ) কোন সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে এমন বা ধর্মনিরপেক্ষতার নীতি পরিপন্থী কোন কন্টেন্ট;
- গ) রাজনৈতিক মতাদর্শ বা আলোচনা সংশ্লিষ্ট কোন কন্টেন্ট;
- ঘ) বাংলাদেশে বসবাসকারী কোন ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী বা সম্প্রদায়ের প্রতি বৈষম্যমূলক বা হেয় প্রতিপন্নমূলক কন্টেন্ট;
- ঙ) কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা রাষ্ট্রকে হেয় প্রতিপন্ন করে এমন কোন কন্টেন্ট;
- চ) লিঙ্গা বৈষম্য বা এ সংক্রান্ত বিভ্রান্তিমূলক কোন কন্টেন্ট;
- ছ) জনমনে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে এমন কোন বিষয়।

জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং আদেশ প্রাপ্তির ০১ (এক) সপ্তাহের মধ্যে ইউনিটের নামে আইডি খুলে 'সমবায় অধিদপ্তর, ঢাকা এবং 'যুগ্ম-নিবন্ধক (প্রশাসন), সমবায় অধিদপ্তর, ঢাকা' এর গুপে সদস্য হতে হবে।

স্বাক্ষরিত/মোঃ আমিনুল ইসলাম  
নিবন্ধক ও মহাপরিচালক  
সমবায় অধিদপ্তর, ঢাকা।  
ফোন : ৯১৪১১৩৯

ই-মেইল : coop\_bangladesh@yahoo.com

স্মারক নং - ৪৭.০৬১.০০০০.০০৪.০১৮.০১৪/২০১৬জি- ১/২৭/১(৫০৭)-৬/৩

তারিখ : ২৫/০৬/২০১৬খ্রি:

সদয় অবগতি/অবগতি, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। অতিরিক্ত নিবন্ধক, প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স/ ইপিপি/সমিতি ব্যবস্থাপনা/অডিট ও আইন, সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ০২। অধ্যক্ষ-অতিরিক্ত নিবন্ধক, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ি, কুমিল্লা।
- ০৩। যুগ্ম-নিবন্ধক,..... (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ০৪। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/সিলেট/বরিশাল/ময়মনসিংহ।
- ০৫। অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট,..... (সকল)।
- ০৬। জেলা সমবায় কর্মকর্তা, ..... (সকল)।
- ০৭। উপজেলা সমবায় কর্মকর্তা/ মেট্রো: থানা সমবায় কর্মকর্তা,..... (সকল)।
- ০৮। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৯। অফিস কপি।

মুনাল কাউন্সিল-বিখাস

যুগ্ম-নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)  
সমবায় অধিদপ্তর, ঢাকা।